ভাবনা দ্বারা এবং সত্য অর্থাৎ ধৈর্য্য দ্বারা, অসঙ্গ—বৈরাগ্য-দ্বারা, মহাপুরুষগণের সম্মানদান করিয়া, দীনজনের প্রতি দয়া দ্বারা, আত্মতুল্য জনে বন্ধুভাব দ্বারা, শৌচ, সন্তোষ, তপস্যা, স্বাধ্যায় ও ঈশ্বর প্রণিধান—এই পঞ্চবিধ নিয়ম দ্বারা, অহিংসা, 'অচৌর্য্য, ব্রহ্মচর্য্য ও অপরিগ্রহ—এই চারিপ্রকার যম দ্বারা, আত্ম-অনাত্ম-বিবেকরূপ আধ্যাত্মিক শাস্ত্র শ্রবণ দ্বারা এবং আমার নাম সঙ্কীর্ত্তন, সারল্য, সাধুসঙ্গ, নিরহঙ্কার এই সকলের দ্বারা মদীয় ধর্ম্মানুষ্ঠানকারী পুরুষের চিত্ত বিশুদ্ধিলাভ করে, অর্থাৎ অন্য সর্ব্বপ্রকার আবেশশূন্য হইয়া একমাত্র আমাতে গাঢ় আবেশ লাভ করতঃ আমার গুণ-শ্রবণমাত্রে অতি সুখে ও সত্বর আমাকে লাভ করিয়া থাকে। অর্থাৎ ঐ কপিলযোগই উক্ত—"মদগুণশ্রুতিমাত্রেণ ময়ি সর্ব্বগুহাশয়ে। মনোগতিরবিচ্ছিন্না যথা গঙ্গাম্ভসোঽম্বুধৌ" ; হে মাতঃ! আমার গুণশ্রবণমাত্রে মাংসময়ী দৃষ্টির অগোচরে অবস্থিত আমাতে গঙ্গাজলের সিন্ধুতে নির্ব্বাধগতির মত অবিচ্ছিন্না মনোগতির নাম ধ্রুবানুস্মৃতি ; সেই ধ্রুবানুস্মৃতি অবস্থা লাভ করিয়া থাকে। এখানে ভক্তিযোগের সহিত যেমন স্বধর্ম্ম অনুষ্ঠানের উল্লেখ করা হইয়াছে বলিয়া এই ভক্তিটি কর্ম্মমিশ্রা, তেমনই আধ্যাত্মিক শ্রবণাদির কথা উল্লেখ থাকায়, এই ভক্তিটি জ্ঞানমিশ্রাও বটে ॥ ২২৫ ॥

অনন্তর জ্ঞানমিশ্রা কৈবল্যকামা ভক্তির দৃষ্টান্ত ৬।১৯ অধ্যায়ে—চিত্রকেতু মহারাজের প্রতি সঙ্কর্ষণ কর্ত্তৃক উক্ত শ্লোকের দ্বারা দেখাইতেছেন—"দৃষ্টশ্রুতাভির্মাত্রাভিনির্ম্মুক্তঃস্বেন তেজসা। জ্ঞান-বিজ্ঞানসংতৃপ্তো মদ্ভক্তঃ পুরুষো ভবেৎ" ॥ ২৩০ ॥

হে রাজন! পুরুষ নিজ বিবেকবলে ঐহিক, আমুষ্মিক বিষয় দ্বারা নির্ম্মুক্ত হইয়া, শাস্ত্রোত্থ-জ্ঞান দ্বারা এবং অপরোক্ষ অনুভব দ্বারা সংতৃপ্ত আমাতে ভক্তিযুক্ত হইয়া থাকে ॥ ২৩০ ॥

অথ কেবলস্বরূপসিদ্ধোদাহ্রিয়তে। তত্র সকামা কৈবল্যকামা চোপাসকসঙ্কল্প-গুণৈস্তত্তদ্ গুণত্বেনোপচর্য্যতে। ততঃ সকামা দ্বিবিধা, তামসী, রাজসী চ। পূর্ব্বা যথা অভিসন্ধায় যদ্ধিংসাং দম্ভং মাৎসর্য্যমেব বা। সংরম্ভী ভিন্নদৃগ্‌ভাবং ময়ি কুর্য্যাৎ স তামসঃ ॥ ২৩১ ॥

অভিসন্ধায় সঙ্কল্প্য। সংরম্ভী সক্রোধঃ। ভিন্নদৃক্ স্বস্মিন্নিব সর্ব্বত্র যৎ সুখং দুঃখং চ তত্তদবেত্তা নিরনুকম্প ইত্যর্থঃ। উত্তরা যথা—বিষয়ানভিসন্ধায় যশ ঐশ্বর্য্যমেব বা। অর্চ্চাদাবর্চ্চয়েদ্ যো মাং পৃথগ্‌ ভাবঃ স রাজসঃ ॥ ২৩২ ॥

পৃথক্ মত্তোঽন্যত্র বিষয়াদিষ্বেব ভাবঃস্পৃহা যস্য ন তু ময়ীতি রাজসত্বহেতুতা দর্শিতা। অথ কৈবল্যকামা সাত্ত্বিক্যেব। সা যথা—কর্ম্ম নির্হারমুদ্দিশ্য পরস্মিন্ বা তদর্পণম্। যজেদ যষ্টব্যমিতি বা পৃথগভাবঃ স সাত্ত্বিকঃ ॥ ২৩৩ ॥